# উপজেলা পরিষদের নভেম্বর ২০২৪ মাসের মাসিক সভার কার্যবিবরণীঃ

সভাপতি : অমিত রায়
উপজেলা নির্বাহী অফিসার,
ও
প্রশাসক,
সভাপতি
উপজেলা পরিষদের মাসিক সভা,
হাকিমপুর, দিনাজপুর

স্থান : উপজেলা পরিষদ সভাকক্ষ,
হাকিমপুর, দিনাজপুর।

তারিখ : ২১/১১/২০২৪ খ্রিঃ সময়ঃ বেলা ১১.০০টায়

**উপস্থিত সদস্যগণের স্বাক্ষর পরিশিষ্ট "ক"তে, এবং অনুপস্থিত সদস্যগণের নাম পরিশিষ্ট "খ" তে, দেখানো হলো।**

অদ্যকার সভায় সভাপতিত্ব করেন জনাব অমিত রায়, উপজেলা নির্বাহী অফিসার, ও প্রশাসক, উপজেলা পরিষদ, হাকিমপুর, দিনাজপুর। সভার শুরুতে সভাপতি মহোদয় স্বাগত বক্তব্য দিয়ে সভায় উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে উপজেলা পরিষদের নভেম্বর ২০২৪ মাসের মাসিক সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর সভাপতি সভার পরবর্তী কার্যক্রম আলোচ্যসূচী অনুযায়ী উপস্থাপন করেন। প্রশাসক গত মাসের কার্যবিবরণী পাঠ করে শোনান। সভায় আর কোন সংশোধনী না থাকায় তা দৃঢ়করণ করা হয়। অন্যান্য আলোচ্য বিষয়ের উপর বিস্তারিত আলোচনার পর সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

আলোচ্য বিষয় :

১. বিগত মাসিক সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন
২. বিবিধ

**আলোচনা ও সিদ্ধান্ত :**

| | | | | |
|---|---|---|---|---|
| ১. | **স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিস** | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, গত ০১ মাস ব্যাপি চলমান মেয়েদের জরায়ু মুখে ক্যান্সারের ভ্যাকসিনের লক্ষ্য মাত্রা ছিল ৯৫%। এ উপজেলায় নির্ধারিত সময়ের পূর্বে লক্ষ্য মাত্রার চেয়ে বেশি অথাৎ ৯৫.৪%ভ্যাকসিন প্রদান করা হয়েছে। তবে টিকা প্রদান কর্মসূচি আগামী ২৮/১১/২০২৪ খ্রি: তারিখ পর্যন্ত সময় বৃদ্ধি করা হয়েছে। এখনো যদি কোন ছাত্রী বাদ পড়ে তা হলে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে আসলেই ভ্যাকসি প্রদান করা হবে। ডাক্তার স্বল্পতার কারণে রোগিদের সেবা প্রদানে কিছুটা বিঘ্ন হচ্ছে। বর্তমানে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে রোগী ভর্তির হার অন্যান্য সময়ের তুলনায় অনেক বেশি।<br>তিনি আরও জানান যে, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে পরিস্কার পরিচ্ছন্নতা করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে বলে সভায় অবহিত করেন এবং তাঁর দাপ্তরিক অন্যান্য সকল কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। | **সিদ্ধান্ত:** সভায় বিস্তারিত আলোচনার পর সরকারি বিধি মোতাবেক কার্যক্রম পরিচালনা করার জন্য উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা হাকিমপুরকে অনুরোধ করা হলো। | **উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা** |
| ২. | **উপজেলা কৃষি অফিস** | উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান যে, ২০২৪-২০২৫ অর্থ বছরে রবি মৌসুমে মাঠে আগাম আলুর আবাদ কার্যক্রম চলমান রয়েছে প্রায় ৩৪০ হেক্টর জমিতে আলু এবং ১০০ হেক্টর জমিতে সরিষার বীজ বপন করা হয়েছে। খরিপ-২ মৌসুমের রোপা আমনেরকর্তন কার্যক্রমের অংশ হিসাবে ৬৫% জমির ধান কর্তন প্রায় যা ৫২৭৬ হেক্টর হয়েছে। এছাড়াও শীতকালীন শাকসবজি ৬৮ হেক্টর জমিতে বিদ্যমান রয়েছে। এছাড়াও উপজেলা কৃষি অফিসের দাপ্তরিক অন্যান্য সকল কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। | **সিদ্ধান্ত:** সভায় বিস্তারিত আলোচনার পর সরকারি বিধি মোতাবেক সকল কার্যক্রম পরিচালনা করার জন্য উপজেলা কৃষি কর্মকর্তাকে অনুরোধ করা হলো। | উপজেলা কৃষি অফিসার |
| ৩. | **উপজেলা প্রাণিসম্পদ অফিস** | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভায় জানান যে, উপজেলা প্রাণিসম্পদ অফিসে হতে সরকারি ভাবে কৃত্রিম প্রজনন সম্প্রসারণ চলতি মাসে ২৪০ টি, সংকর জাতের গবাদি পশুর বাছুরের তথ্য সংগ্রহ হয়েছে ১০২ টি এবং স্থায়ী ঘাস চাষ সম্প্রসারণ এবং ফিড মিল/ হ্যাচারী পরিদর্শন করা হয়েছে ০৮টি এবং প্রায় ৭০০০ টি গবাদি পশুর বিভিন্ন রোগের চিকিৎসা | **সিদ্ধান্ত :** সভায় বিস্তারিত আলোচনার পর সরকারি বিধি মোতাবেক সকল কার্যক্রম পরিচালনা করার জন্য উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তাকে অনুরোধ করা হলো এবং উপজেলা প্রকৌশলীকে সর জমিনে তদন্ত সাপেক্ষে উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তার অফিস চত্বরে অবস্থিত পরিত্যক্ত ও জরাজীর্ণ ঝুকিপুর্ণ | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা |

| | | | | |
|---|---|---|---|---|
| | | খামারীকে ঘাস কাটা মেশিন প্রদান করা হয়েছে বলে সভায় অবহিত করেন।<br>তিনি আরও জানান যে, উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তার অফিস চত্বরে অবস্থিত পরিত্যক্ত ও জরাজীর্ণ ঝুঁকিপুর্ণ ০৫ (পাঁচ) টি ভবন সংস্কারের অনুপযোগী হয়ে গিয়েছে। উক্ত ভবনগুলো অপসারণের জন্য প্রাক্কলন প্রস্তুত করার জন্য সভায় অবহিত করেন। তাঁর দাপ্তরিক অন্যান্য সকল কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। | করার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। | |
| ৪. | হাকিমপুর থানা সংক্রান্ত | অফিসার ইন-চার্জ হাকিমপুর থানা সভায় জানান যে, হাকিমপুর উপজেলায় সার্বিক আইন শৃঙ্খলা পরিস্থিতি ভালো তবে কিছু অপ্রীতিকর ঘটনা ঘটেছে, তবে সেগুলো আইন গত সামাধান করা হচ্ছে। তবে গ্রাম পুলিশদের থানা হাজিরা আরো জোরদার করার জন্য সভায় অবহিত করেন। তাঁর দাপ্তরিক অন্যান্য সকল কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। | **সিদ্ধান্ত:** সভায় বিস্তারিত আলোচনার পর চলমান কার্যক্রম সরকারি বিধি মোতাবেক পরিচালনা করার জন্য অফিসার ইনচার্জ-, হাকিমপুর থানাকে অনুরোধ করা হলো। | অফিসার ইনচার্জ-, হাকিমপুর |
| ৫. | মৎস্য অফিস | উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, তাঁর দাপ্তরিক অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। | **সিদ্ধান্ত:** চলমান কার্যক্রম সরকারি বিধি মোতাবেক পরিচালনা করার জন্য উপজেলা মৎস্য কর্মকর্তাকে অনুরোধ করা হলো। | উপজেলা মৎস্য কর্মকর্তা |
| ৬. | উপজেলা সমাজ সেবা অফিস | উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় জানান যে, বয়স্ক বিধবা এবং প্রতিবন্ধি ভাতাভোগীদের লাইভ ভেরিফিকেশন এর কাজ শেষ হয়েছে। প্রতিবন্ধি ভাতাভোগীদের যাচাই বাছাই শেষ এবং সুবর্ন নাগরিক কার্ড প্রদানের জন্য সকল কার্যক্রম ইতোমধ্যে সমাপ্ত হেয়েছে। মোবাইলে টাকা পাঠানোর জন্য ইতোপূর্বে তালিকা প্রেরণ করা হয়েছে। তাঁর দাপ্তরিক অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে | **সিদ্ধান্ত:** চলমান কার্যক্রম সরকারি বিধি মোতাবেক নির্ধারিত সময়ের মধ্যে সকল কার্যক্রম পরিচালনা করার জন্য উপজেলা সমাজসেবা কর্মকর্তাকে অনুরোধ করা হলো। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা |
| ৭. | উপজেলা প্রকৌশলী | উপজেলা প্রকৌশলী, হাকিমপুর, দিনাজপুর সভায় উপস্থিত না থাকায় তাঁর দপ্তর/বিভাগ সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হচ্ছে না।<br>উপজেলা নির্বাহী অফিসার ও প্রশাসক, উপজেলা পরিষদ, হাকিমপুর, দিনাজপুর সভায় জানান যে হাকিমপুর উপজেলায় ০৫টি রাস্তার কাজ চলমান রয়েছে রাস্তাগুলো হচ্ছে :-<br>১. বাঁশমুড়ী হাট পালশা-ইউপি ঘোড়াঘাট ভায়া বাওনা এবং রিকাবী রোর্ডে (চে: ২৪০০-২৪৮০০ এবং ২৯৫০-৪০০মি:)<br>২. কাঁকড়াপালী হতে ষষ্টিপাড়া (নবাবগঞ্জ বর্ডার) রোর্ড (চে: ০০- ১৩৫০মি:)<br>৩। উপজেলা হেড কোয়ার্টার হতে দলারদর্গা শুরু হাকিমপুর চারমাথা পর্যন্ত (চে: ২৭০০-৬৯০০ মি:)<br>৪। রাউতাড়া এফআরবি- হাতিশোঁ সড়ক উন্নয় (চে: ৬৫০- ১৬৬৪০ মি:)<br>৫. হাকিমপুর থেকে ফুলবাড়ি হতে বিশাপাড়া বটতলী বাজর রাস্তার (চে: ০০-৫৭০ মি:) কাজ চলমান রয়েছে মর্মে তথ্য পাওয়া যায়।<br>তিনি আরও জানান যে, হাকিমপুর উপজেলায় এ পর্যন্ত দুটো প্রকল্পের কাজ শুরু হয় নাই সে গুলো হচ্ছে নিম্ন রুপ :-<br>১. খাট্টাউছনা (বালিকা পাথার) দুমকুড়ি পাড় রোর্ড (চে: ০০- ১৫০০ মি:) ।<br>২. নবাবগঞ্জ বর্ডার-খাট্টাউছনা (চে: ০০-৩০০ মি: ) মর্মে তথ্য পাওয়া যায়। | **সিদ্ধান্ত:** সভায় গুরুত্বপূর্ণ এই কর্মকর্তা উপস্থিত না হওয়ায় উন্নয়ন কর্মকান্ড সমন্বয় বাধা গ্রস্থ হচ্ছে মর্মে সবাই একমত প্রকাশ করেন। তাই আগামী ডিসেম্বর ২০২৪ মাস হতে নিয়মিত মাসিক সভায় উপস্থিত হয়ে তাঁর বিভাগ/দপ্তর সম্পর্কে আলোচনা করার জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হলো। | উপজেলা প্রকৌশলী |
| ৮. | উপজেলা প্রাথমিক শিক্ষা অফিস | উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা সভায় সভায় জানান যে, ছাতনী রাউতাড়া, রাঙ্গামাটিয়া ও ইটাই সরকারি প্রাথমিক বিদ্যালয়ে নতুন ভবন নির্মাণের প্রস্তাবিত স্থানে কিছু জীবিত গাছ রয়েছে। উক্ত গাছগুলো বিধি মোতাবেক কর্তনের জন্য বিভাগীয় বন কর্মকর্তা, সামাজিক বন বিভাগ, দিনাজপুর বরাবর পত্র প্রেরণ করা হয়েছে। গাছের মূল্য তালিকা প্রাপ্তির পর বিধি মোতাবেক গাছ কর্তন করা হবে। আগামী ০২ ডিসেম্বর ২০২৪ তারিখ হতে পরীক্ষা অনুষ্ঠিত হবে। আগামী ২০২৫ সালের শিক্ষা বর্ষের বিনামূল্যে পাঠ্যপুস্তক | **সিদ্ধান্ত:** চলমান কার্যক্রম সরকারি বিধি মোতাবেক পরিচালনা করার জন্য উপজেলা শিক্ষা কর্মকর্তাকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো। | উপজেলা শিক্ষা কর্মকর্তা |

| | | | | |
|---|---|---|---|---|
| | | এ উপজেলায় কোন বই আসেনাই মর্মে তিনি সভায় অবহিত করেন। তাঁর দাপ্তরিক অন্যান্য সকল কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। | | |
| ৯.. | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় জানান যে, হাকিমপুর উপজেলায় মাধ্যমিক বিদ্যালয়ে বার্ষিক পরীক্ষা অদ্য ২১/১১/২০২৪ খ্রি: তারিখ হতে শুরু হয়েছে এবং মাদ্রাসার বার্ষিক পরীক্ষা আগামী ২৪/১১/২০২৪ খ্রি: তারিখ হতে শুরু হবে। আগামী ২০২৫ সালের শিক্ষা বর্ষের বিনামুল্যে পাঠ্যপুস্তক এখন পর্যন্ত এ উপজেলায় কোন বই আসেনাই। অপরদিকে বাংলা হিলি সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ের গোডাউন পরিস্কারের জন্য পুরাতন বিনষ্ট পুস্তক বিধি মোতাবেক প্রকাশ্য নিলামের মাধ্যমে বিক্রয় করার জন্য সভায় অবহিত করেন। তাঁর দাপ্তরিক অন্যান্য সকল কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। | **সিদ্ধান্ত** :চলমান কার্যক্রম সরকারি বিধি মোতাবেক পরিচালনা করার জন্য অনুরোধ করা হলো।<br>অপরদিকে বাংলা হিলি সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ের গোডাউন পরিস্কারের জন্য পুরাতন বিনষ্ট পুস্তক বিধি মোতাবেক প্রকাশ্য নিলামের মাধ্যমে বিক্রয় করার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হলো। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার |
| ১০.. | উপজেলা মহিলা বিষয়ক অফিস | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, হাকিমপুর, দিনাজপুর সভায় উপস্থিত না থাকায় তাঁর দপ্তর/বিভাগ সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হচ্ছে না। তবে তাঁর নির্ধারিত সপ্তাহে দুইদিন সোম ও বুধবারে কর্মস্থলে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | **সিদ্ধান্ত:** আগামী ডিসেম্বর ২০২৪ মাসের মাসিক সভায় উপস্থিত হয়ে তাঁর বিভাগ/দপ্তর সম্পর্কে আলোচনা করার জন্য উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তাকে অনুরোধ করা হলো। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা |
| ১১. | উপজেলা যুব উন্নয়ন অফিস | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, গত ০১/১১/২০২৪ খ্রি: তারিখে জাতীয় যুব দিবস যথাযথ মর্যাদায় পালন করা হয়েছে। জাতীয় যুব দিবস উপলক্ষ্যে প্রশিক্ষনার্থীদের মধ্যে সনদ পত্র বিতরণ করা হয়েছে এবং বেকার যুব ও যুব মহিলাদের মধ্যে ২৩,২৫,০০০/- (তেইশ লক্ষ পঁচিশ হাজার টাকা ঋণ বিতরণ করা হয়েছে। তাঁর দাপ্তরিক অন্যান্য সকল কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। | **সিদ্ধান্ত:** চলমান কার্যক্রম সরকারি বিধি মোতাবেক পরিচালনা করার জন্য উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তাকে অনুরোধ করা হলো। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা |
| ১২. | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিস | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে, হাকিমপুর উপজেলায় তিনটি ইউনিয়নের ২০২৪-২০২৫ অর্থ বছরে যে সমস্ত ইজিজিপি রাস্তায় সংস্কার করা হবে, উক্ত রাস্তার তালিকা ইতোমধ্যে জেলা প্রশাসক, দিনাজপুর বরাবরে প্রেরণ করা হয়েছে এবং তিনটি ইউনিয়নে তিনটি ব্রীজ কালভার্ট তৈরীর প্রস্তাব ইতোমধ্যে প্রেরণ করা হয়েছে। তাঁর দাপ্তরিক সকল কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। | **সিদ্ধান্ত:** চলমান কার্যক্রম সরকারি বিধি মোতাবেক পরিচালনা করার জন্য উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তাকে অনুরোধ করা হলো এবং নির্ধারিত সময়ের মধ্যে ২০২৪-২০২৫ অর্থ বছরে ইজিজিপি প্রস্তাবিত রাস্তার তালিকা এবং তিনটি ইউনিয়নে তিনটি ব্রীজ কালভার্ট তৈরীর প্রস্তাব জেলা প্রশাসক বরাবরে প্রেরণ করায় সভায় সন্তোষ প্রকাশ করা হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা |
| ১৩. | উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) অফিস | উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) সভায় জানান যে, সমগ্র বাংলাদেশে নিরাপদ পানি সরবরাহের ন্যায় হাকিমপুর উপজেলায় মোট ৭৮ টি সাবমারসিবল বসানোর কাজ শেষ হয়েছে এবং প্লাট ফরমের কাজ চলমান রয়েছে।<br>তিনি আরও জানান যে, যে সমস্ত সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ওয়াশ ব্লকের কাজ চলমান রয়েছে তা আগামী ডিসেম্বর ২০২৪ মাসের মধ্যে হস্তান্তরিত করা হবে। তাঁর দাপ্তরিক অন্যান্য সকল কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। | **সিদ্ধান্ত:** চলমান কার্যক্রম সরকারি বিধি মোতাবেক পরিচালনা করার জন্য উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) কে অনুরোধ করা হলো। | উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) |
| ১৪. | উপজেলা সমবায় অফিস | উপজেলা সমবায় কর্মকর্তা সভায় জানান যে, এ উপজেলার ৫৫টি সমিতির অডিটসহহ অন্যান্য সকল কার্যক্রম ইতোপূর্বে সম্পন্ন করা শেষে সরকারী রাজস্ব আদায়ের জন্য ভ্যাট এবং আইটি গ্রহণের সকল কার্যক্রম চলমান রয়েছে। তাঁর দাপ্তরিক অন্যান্য সকল কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। | **সিদ্ধান্ত:** চলমান কার্যক্রম সরকারি বিধি মোতাবেক পরিচালনা করার জন্য উপজেলা সমবায় কর্মকর্তাকে অনুরোধ করা হলো। | উপজেলা সমবায় কর্মকর্তা |
| ১৫. | উপজেলা পল্লী উন্নয়ন অফিস | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, ঋণ বিতরণ এবং আদায়ের সকল কার্যক্রম চলমান রয়েছে। তবে চলতি নভেম্বর ২০২৪ মাসে ঋণ আদায়ের হার প্রায় ৯১% বলে সভায় অবিহত করেন। তাঁর দাপ্তরিক অন্যান্য সকল কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। | **সিদ্ধান্ত:** চলমান কার্যক্রম সরকারি বিধি মোতাবেক পরিচালনা করার জন্য উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তাকে অনুরোধ করা হলো। এছাড়া জোড়াবাড়ীর ভাড়া সঠিকভাবে আদায় হচ্ছে তা আগামী মাসিক সভার আগে প্রতিবেদন আকারে উপস্থাপনের সিদ্ধান্ত সর্বসম্মতি ক্রমে গৃহীত হয়। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা |
| ১৬ | উপজেলা বন অফিস | উপজেলা বন কর্মকর্তা সভায় জানান যে, তাঁর দাপ্তরিক অন্যান্য সকল কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। | **সিদ্ধান্ত** : চলমান কার্যক্রম সরকারি বিধি মোতাবেক পরিচালনা করার জন্য উপজেলা বন | উপজেলা বন কর্মকর্তা |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৭. | উপজেলা খাদ্য অফিস | উপজেলামহিলা খাদ্য নিয়ন্ত্রক হাকিমপুর, দিনাজপুর সভায় উপস্থিত না থাকায় তাঁর দপ্তর/বিভাগ সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হচ্ছে না। | **সিদ্ধান্ত:** আগামী ডিসেম্বর ২০২৪ মাসের মাসিক সভায় উপস্থিত হয়ে তাঁর বিভাগ/দপ্তর সম্পর্কে আলোচনা করার জন্য উপজেলা খাদ্য নিয়ন্ত্রক কে অনুরোধ করা হলো। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক |
| ১৮. | উপজেলা পরিবার পরিকল্পনা অফিস | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, হাকিমপুর, দিনাজপুর সভায় উপস্থিত না থাকায় তাঁর দপ্তর/বিভাগ সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হচ্ছে না। | **সিদ্ধান্ত:** আগামী ডিসেম্বর ২০২৪ মাসের মাসিক সভায় উপস্থিত হয়ে তাঁর বিভাগ/দপ্তর সম্পর্কে আলোচনা করার জন্য উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে অনুরোধ করা হলো। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা |
| ১৯. | উপজেলা নির্বাচন অফিস | উপজেলা নির্বাচন কর্মকর্তা হাকিমপুর, দিনাজপুর সভায় জানান যে, বর্তমানে ভোটার আইডি সংশোধন, স্থানান্তরসহ অন্যান্য সকল কার্যক্রম সুষ্ঠু ভাবে পরিচালিত হচ্ছে। তাঁর দাপ্তরিক অন্যান্য সকল কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। | **সিদ্ধান্ত:** সভায় বিস্তারিত আলোচনার পর চলমান কার্যক্রম সরকারি বিধি মোতাবেক পরিচালনা করার জন্য উপজেলা নির্বাচন কর্মকর্তাকে অনুরোধ করা হলো। | উপজেলা নির্বাচন কর্মকর্তা |
| ২০. | উপজেলা আনসার ভিডিপি অফিস | উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান যে, শারদীয় দুর্গাপূজা-২০২৪ এর নিরাপত্তার জন্য যে সমস্ত আনসার পুরুষ ও মহিলা দায়িত্ব পালন করেছেন, তাদের প্রাপ্ত টাকা প্রদান করা হয়েছে। তাঁর দাপ্তরিক অন্যান্য সকল কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। | **সিদ্ধান্ত :** সভায় বিস্তারিত আলোচনার পর চলমান কার্যক্রম সরকারি বিধি মোতাবেক পরিচালনা করার জন্য উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তাকে অনুরোধ করা হলো। এছাড়া আনসার ভিডিপি কর্মকর্তাকে স্বয়ং মিটিংয়ে উপস্থিত হওয়ার সিদ্ধান্ত সর্ব সম্মতিক্রমে গৃহীত হয়। | উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তা |
| ২১. | উপজেলা আইসিটি কর্মকর্তা | আইসিটি কর্মকর্তার প্রতিনিধি হাকিমপুর, দিনাজপুর সভায় জানান যে, এ উপজেলার সকল কর্মকর্তার/কর্মচারীদের তথ্য ওয়েবসাইটে হালনাগাদ আছে। তাঁর অন্যান্য সকল কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। | **সিদ্ধান্ত :** অফিসার, ইনচার্জ হাকিমপুর থানাসহ উপজেলার সকল ওয়েব পোর্টাল হালনাগাদ করার বিষয়ে আইসিটি অফিসার সংশ্লিষ্ট সকলকে অবহিত করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | আইসিটি অফিসার হাকিমপুর |
| ২২. | পল্লী সঞ্চয় ব্যাংক | শাখা ব্যবস্থাপক, উপজেলা পল্লী সঞ্চয় ব্যাংক, হাকিমপুর, দিনাজপুর সভায় জানান যে, উপজেলা পল্লী সঞ্চয় ব্যাংক এর ঋণ আদায় সন্তোষ জনক চলতি নভেম্বর ২০২৪ মাসে ঋণ আদায়ের পরিমান প্রায় ৮৬% মর্মে সভায় অবহিত করেন। তাঁর দাপ্তরিক সকল কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। | **সিদ্ধান্ত** :চলমান কার্যক্রম সরকারি বিধি মোতাবেক পরিচালনা করার জন্য শাখা ব্যবস্থাপক, উপজেলা পল্লী সঞ্চয় ব্যাংক, হাকিমপুর কে অনুরোধ করা হলো। | শাখা ব্যবস্থাপক , উপজেলা পল্লী সঞ্চয় ব্যাংক |
| ২৩ | উপজেলা পল্লী দারিদ্য বিমোচন ফাউন্ডেশন | উপজেলা পল্লী দারিদ্য বিমোচন ফাউন্ডেশনের কর্মকর্তা সভায় জানান যে, ঋণ বিতরণ এবং আদায় কার্যক্রম চলমান রয়েছে। তবে গত অক্টোবর ২০২৪ মাসে ঋণ আদায়ের হার প্রায় ৯৬% বলে সভায় অবিহত করেন। তাঁর দাপ্তরিক অন্যান্য সকল কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। | **সিদ্ধান্ত:** চলমান কার্যক্রম সরকারি বিধি মোতাবেক পরিচালনা করার জন্য উপজেলা পল্লী দারিদ্য বিমোচন ফাউন্ডেশনের কর্মকর্তাকে অনুরোধ করা হলো। | উপজেলা পল্লী দারিদ্য বিমোচন ফাউন্ডেশন কর্মকর্তা |
| ২৪. | তথ্য আপা অফিস | উপজেলা তথ্য আপা কর্মকর্তা সভায় জানান যে, তাঁর দাপ্তরিক অন্যান্য সকল কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। | **সিদ্ধান্ত** : চলমান কার্যক্রম সরকারি বিধি মোতাবেক পরিচালনা করার জন্য তথ্য আপা কর্মকর্তাকে অনুরোধ করা হলো। | তথ্য আপা কর্মকর্তা |
| ২৫. | সহকারী প্রকৌশলী BMDA | উপজেলা সহকারী প্রকৌশলী বিএমডিএ জানান, বৃহত্তর দিনাজপুর জেলার ভূ-পরিস্থ পানি উন্নয়ন প্রকল্পের ফেজ-২ এর আওতায় কিছু কাজ চলমান রয়েছে এবং একই সাথে আগামী ১৬ ডিসেম্বর ২০২৪ এর পরে উপজেলা সেচ কমিটির সভা আহ্বান করা হবে বলে সভায় অবহিত করেন। তাঁর দাপ্তরিক সকল কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। | **সিদ্ধান্ত:** চলমান কার্যক্রম সরকারি বিধি মোতাবেক পরিচালনা করার জন্য উপজেলা সহকারী প্রকৌশলী, বিএমডিএকে অনুরোধ করা হলো। | সহকারী প্রকৌশলী, **BMDA** |
| ২৬. | উপজেলা পরিসংখ্যান অফিস | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান যে, অর্থনৈতিক শুমারি ২০২৪ এর জনবল যাচাই বাছাই এর কার্যক্রম চলমান রয়েছে বলে সভায় অবহিত করেন। তাঁর দাপ্তরিক সকল কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। | **সিদ্ধান্ত :** চলমান কার্যক্রম সরকারি বিধি মোতাবেক পরিচালনা করার জন্য উপজেলা পরিসংখ্যান কর্মকর্তার প্রতিনিধিকে অনুরোধ করা হলো। | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা |
| ২৭. | সহকারী জেনারেল ম্যানেজার পল্লী বিদ্যুৎ অফিস | সহকারী জেনারেল ম্যানেজার পল্লী বিদ্যুৎ সমিতি-২ ইনচার্জ হিলি এরিয়া সভায় জানান যে, যে সমস্ত অফিসে বকেয়া বিদ্যুৎ বিল রয়েছে, উক্ত অফিসে বিদ্যুৎ বিলের বরাদ্দ আসার সঙ্গে সঙ্গে পরিশোধ করার জন্য অনুরোধ করেন। তাঁর দাপ্তরিক অন্যান্য সকল কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। | **সিদ্ধান্ত** চলমান কার্যক্রম সরকারি বিধি মোতাবেক পরিচালনা করার জন্য পল্লী বিদ্যুৎ সমিতি-২ ইনর্চাজ হিলি এরিয়া হাকিমপুরকে অনুরোধ করা হলো এবং সরকারি অফিসে বিদ্যুৎ বিলের বরাদ্দ আসার সাথে সাথে বকেয়া পরিশোধ করতে হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | পল্লী বিদ্যুৎ সমিতি-২ ইনর্চাজ হিলি এরিয়া। |

| | | | | |
|---|---|---|---|---|
| ২৮ | সেটেলমেন্ট অফিস | উপজেলা সহকারী সেটেলমেন্ট কর্মকর্তা, হাকিমপুর, দিনাজপুর সভায় উপস্থিত না থাকায় তাঁর দপ্তর/বিভাগ সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হচ্ছে না। | **সিদ্ধান্ত:** আগামী ডিসেম্বর ২০২৪ মাসের মাসিক সভায় উপস্থিত হয়ে তাঁর বিভাগ/দপ্তর সম্পর্কে আলোচনা করার জন্য উপজেলা সেটেলমেন্ট কর্মকর্তাকে অনুরোধ করা হলো। | উপজেলা সহকারী সেটেলমেন্ট কর্মকর্তা হাকিমপুর |
| ২৯. | উপজেলা রিসোর্স সেন্টার | ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার, হাকিমপুর দিনাজপুর, সভায় জানান যে, তাঁর দাপ্তরিক সকল কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। | **সিদ্ধান্ত:** চলমান কার্যক্রম সরকারি বিধি মোতাবেক পরিচালনা করার জন্য ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার হাকিমপুরকে অনুরোধ করা হলো। | ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার, হাকিমপুর |
| ৩০ | ইউনিয়ন পরিষদের গ্রাম পুলিশের বকেয়া বেতন ভাতা সংক্রান্ত | উপজেলা নির্বাহী অফিসার, ও প্রশাসক, উপজেলা পরিষদ, হাকিমপুর, দিনাজপুর সভায় জানান যে, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, (উপজেলা -১ শাখা) বাংলাদেশ সচিবালয়, ঢাকা হতে গত ১২ নভেম্বর ২০২৪ তারিখের ৪৬.০০.০০০০.০৪৬.২৬.০১৯.০১৯.১৪-৬০৭ নম্বর স্মারকে দিনাজপুর জেলার হাকিমপুর উপজেলার ইউনিয়ন পরিষদের গ্রামপুলিশের বেতন-ভাতাদি গত জুলাই ২০২৪ তারিখ হতে সেপ্টেম্বর ২০২৪ ইউপি পর্যন্ত অংশের বেতন বকেয়া রয়েছে। উক্ত চারমাসে বকেয়া বেতন ৩,৪২,০০০/- (তিন লক্ষ বিয়াল্লিশ হাজার) টাকা এবং থানা হাজিরা গত অক্টোবর ২০২৩ হতে সেপ্টেম্বর ২০২৪ পর্যন্ত বারো মাসে বকেয়া প্রায় ৩,৬০,০০০/- (তিন লক্ষ ষাট হাজার) টাকা। ইউপি অংশের বেতন ও থানা হাজিরায় সর্বমোট ব্যয় হবে ৩,৪২,০০০+৩,৬০,০০০= ৭,০২,০০০/- (সাত লক্ষ দুই হাজার) টাকা উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে পরিশোধের অনুমতি প্রদান করিয়াছেন। উক্ত টাকা উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে পরিশোধ করার জন্য সভায় অবহিত করেন। | **সিদ্ধান্ত:** বিস্তারিত আলোচনান্তে স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, (উপজেলা -১ শাখা) বাংলাদেশ সচিবালয়, ঢাকা হতে ১২ নভেম্বর ২০২৪ তারিখের ৪৬.০০.০০০০.০৪৬.২৬.০১৯.০১৯.১৪-৬০৭ নম্বর স্মারকে দিনাজপুর জেলার হাকিমপুর উপজেলার ইউনিয়ন পরিষদের গ্রামপুলিশের বেতন-ভাতাদি গত জুলাই ২০২৪ তারিখ হতে সেপ্টেম্বর ২০২৪ পর্যন্ত ইউপি অংশের বেতন বকেয়া রয়েছে। উক্ত চারমাসে বকেয়া ৩,৪২,০০০/- (তিন লক্ষ বিয়াল্লিশ হাজার) টাকা এবং থানা হাজিরা গত অক্টোবর ২০২৩ হতে সেপ্টেম্বর ২০২৪ পর্যন্ত বারো মাসে বকেয়া ৩,৬০,০০০/- (তিন লক্ষ ষাট হাজার) টাকা। ইউপি অংশের বেতন ও থানা হাজিরায় সর্বমোট ব্যয় হবে ৩,৪২,০০০+৩,৬০,০০০= ৭,০২,০০০/- (সাত লক্ষ দুই হাজার) টাকা উপজেলা পরিষদের রাজস্ব তহবিল থেকে প্রদানে স্থানীয় সরকার বিভাগের অনুমতি থাকায় উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে পরিশোধ করার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয় | উপজেলা নির্বাহী অফিসার ও প্রশাসক উপজেলা পরিষদ, হাকিমপুর |
| ৩১. | হাকিমপুর উপজেলা পরিষদের ০৫টি ভবনের প্রশাসনিক অনুমোদন | উপজেলা নির্বাহী অফিসার, ও প্রশাসক, উপজেলা পরিষদ, হাকিমপুর, দিনাজপুর সভায় জানান যে, উপজেলা পরিষদের জরাজীর্ণ ভবন নিলামে বিক্রয়ের প্রশাসনিক অনুমোদনের জন্য জেলা প্রশাসকের কার্যালয়, দিনাজপুর হতে গত ১১ নভেম্বর ২০২৪ তারিখে ০৫.৫৫.২৭০০.০০৯.০১.০০৩.২৪-৯২৮ নম্বর স্মারকে (১) উপজেলা পরিষদের "তমাল" পরিত্যক্ত ও ঝুকিপূর্ণ ভবন (২) উপজেলা পরিষদের "বরেন্দ্র" পরিত্যক্ত ও ঝুকিপূর্ণ ভবন (৩) উপজেলা পরিষদের "নির্মাণ ভবন" পরিত্যক্ত ও ঝুকিপূর্ণ ভবন (৪) উপজেলা পরিষদের "ইউটিডিসি" পরিত্যক্ত ও ঝুকিপূর্ণ ভবন (৫) উপজেলা পরিষদের "হলরুম" পরিত্যক্ত ও ঝুকিপূর্ণ ভবন ভাঙ্গার জন্য নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, দিনাজপুর নিকট হতে প্রাপ্ত হাকিমপুর উপজেলা পরিষদের উপর বর্নিত জরাজীর্ণ ভবনের অবকাঠামোসমূহ নিলামে বিক্রয়ের নিমিত্তে প্রশাসনিক অনুমোদনের জন্য সচিব, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা বরাবরে পত্র প্রেরণ করেছেন। তবে উক্ত ভবনগুলো পরিত্যক্ত করার জন্য উর্দ্ধতন কর্তৃপক্ষের নিকট পত্র প্রেরণের প্রয়োজন মর্মে সভায় অবহিত করেন। | **সিদ্ধান্ত:** বিস্তারিত আলোচনান্তে দিনাজপুর জেলার হাকিমপুর উপজেলা পরিষদের (১) উপজেলা পরিষদের "তমাল" পরিত্যক্ত ও ঝুকিপূর্ণ ভবন (২) উপজেলা পরিষদের "বরেন্দ্র" পরিত্যক্ত ও ঝুকিপূর্ণ ভবন (৩) উপজেলা পরিষদের "নির্মাণ ভবন" পরিত্যক্ত ও ঝুকিপূর্ণ ভবন (৪) উপজেলা পরিষদের "ইউটিডিসি" পরিত্যক্ত ও ঝুকিপূর্ণ ভবন (৫) উপজেলা পরিষদের হলরুম পরিত্যক্ত ও ঝুকিপূর্ণ ভবন ভাঙ্গার জন্য নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, দিনআজপুর নিকট হতে প্রাপ্ত হাকিমপুর উপজেলা পরিষদের উপর বর্নিত জরাজীর্ণ ভবনের অবকাঠামোসমূহ নিলামে বিক্রয়ের নিমিত্তে প্রশাসনিক অনুমোদনের জন্য সচিব, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা বরাবরে পত্র প্রেরণ করেছেন। তবে উক্ত ভবনগুলো পরিত্যক্ত করার জন্য উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট পত্র প্রেরণের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার, হাকিমপুর। |

| | | | | |
|---|---|---|---|---|
| ৩২. | গাছ কর্তন সম্পর্কে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ | উপজেলা নির্বাহী অফিসার হাকিমপুর, দিনাজপুর জানান যে, গত ১১/১২/২০২৩ খ্রি: তারিখে উপজেলা পরিষদের সভা কক্ষে উপজেলা পরিষদের মরা, রুগ্ন ও ঝুঁকিপূর্ণ গাছ নিলাম কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে। উপজেলা পরিষদ কমপ্লেক্স চত্বরে উপজেলা প্রশাসনিক ভবন হতে মুক্তিযুদ্ধের " ঐতিহাসিক স্থানসমূহ সংরক্ষণ ও মুক্তিযুদ্ধ জাদুঘর নির্মাণ প্রকল্পের আওতায় উপজেলা "স্মৃতিসৌধের আরসি সংযোগ সড়ক নির্মাণের জন্য ঠিকাদার নিয়োগ করা হলেও উক্ত সংযোগ সড়কে একটি রুগ্ন ও ঝুঁকিপূর্ণ ইউক্যালিপটাস গাছ রয়েছে। উক্ত গাছ কর্তনের জন্য গত ০১ আগস্ট ২০২৪ তারিখে বন বিভাগ হতে ১৯,৯৯২/- (উনিশ হাজার নয়শত বিরানব্বই) টাকা নির্ধারণ করে একটি পত্র প্রেরণ করেছেন। উক্ত গাছটি বিধি মোতাবেক কর্তনের জন্য সভায় প্রস্তাব করা হয়। | **সিদ্ধান্ত:** বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদ কমপ্লেক্স চত্বরে উপজেলা প্রশাসনিক ভবন হতে মুক্তিযুদ্ধের ঐতিহাসিক স্থানসমূহ সংরক্ষণ প্রকল্পের আওতায় "মুক্তিযুদ্ধ জাদুঘর নির্শাণ প্রকল্পে" উপজেলা স্মৃতিসৌধের আরসিসি সংযোগ সড়ক নির্মাণের জন্য ঠিকাদার নিয়োগ করা হলেও উক্ত সংযোগ সড়কে একটি রুগ্ন ও ঝুঁকিপূর্ণ ইউক্যালিপটাস গাছ রয়েছে। উক্ত গাছ কর্তনের জন্য গত ০১ আগস্ট ২০২৪ তারিখে বন বিভাগ হতে ১৯,৯৯২/- (উনিশ হাজার নয়শত বিরানব্বই) টাকা নির্ধারণ করে একটি পত্র প্রেরিত হয়েছে। উক্ত গাছটি বিধি মোতাবেক কর্তনের জন্য উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট পত্র প্রেরণের সিদ্ধান্ত সর্ব সম্মতিক্রমে গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার, হাকিমপুর, দিনাজপুর |
| ৩৩ | কোর্ট বিলডিং সংক্রান্ত আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ | উপজেলা নির্বাহী অফিসার, ও প্রশাসক, উপজেলা পরিষদ, হাকিমপুর, দিনাজপুর সভায় জানান যে, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, এর আওতায় উপজেলা পরিষদ কমপ্লেক্স চত্বরে হাকিমপুর উপজেলায় কোর্ট ভবনে উপজেলা সাব রেজিস্টারের অফিসহ কয়েকটি অফিস আছে। উক্ত কোর্ট ভবনের পরিত্যক্ত জেল খানা/গোডাউন ঘরের মধ্যে কি কি পরিত্যক্ত মালামাল আছে সুষ্ঠুভাবে নিষ্পত্তির সিদ্ধান্ত নেওয়ার স্বার্থে তা আগামী মাসিক সভার আগে প্রতিবেদন প্রদান এবং মাসিক সভায় উপস্থাপনের জন্য একটি কমিটি গঠনের প্রস্তাব পেশ করেন।<br>**কমিটি:**<br>১. সহাকারী কমিশনার (ভূমি), হাকিমপুর — সভাপতি<br>২. উপজেলা সাব-রেজিস্টার, হাকিমপুর — সদস্য<br>৩. উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, — সদস্য<br>৪. যুব উন্নয়ন অফিসার, হাকিমপুর — সদস্য<br>৫. সহকারী সেটেলমেন্ট কর্মকর্তা, হাকিমপুর — সদস্য<br>৬. উপজেলা প্রকৌশলী, হাকিমপুর, — সদস্য-সচিব | **সিদ্ধান্ত:** বিস্তারিত আলোচনান্তে গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, এর আওতায় উপজেলা পরিষদ কমপ্লেক্স চত্বরে হাকিমপুর উপজেলায় কোর্ট ভবনে উপজেলা সাব রেজিস্টারের অফিসহ কয়েকটি অফিস আছে। উক্ত কোর্ট ভবনের পরিত্যক্ত জেল খানা/গোডাউন ঘরের মধ্যে কি কি পরিত্যক্ত মালামাল আছে সুষ্ঠুভাবে নিষ্পত্তির সিদ্ধান্ত নেওয়ার স্বার্থে তা আগামী মাসিক সভার আগে প্রতিবেদন প্রদান ও মাসিক সভায় উপস্থাপনের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয় এবং নিম্ন লিখিত কমিটি অনুমোদন করা হলো।<br>**কমিটি:**<br>১. সহাকারী কমিশনার (ভূমি), — সভাপতি<br>২. উপজেলা সাব-রেজিস্টার, — সদস্য<br>৩ উপজেলা খাদ্যনিয়ন্ত্রক, — সদস্য<br>৪. যুব উন্নয়ন অফিসার, হাকিমপুর — সদস্য<br>৫. সহকারী সেটেলমেন্ট কর্মকর্তা — সদস্য<br>৬. উপজেলা প্রকৌশলী, — সদস্য-সচিব | উপজেলা নির্বাহী অফিসার, হাকিমপুর, দিনাজপুর |
| ৩৪. | ১নং খট্টামাধবপাড়া ইউনিয়ন পরিষদ | প্যানেল চেয়ারম্যান ১নং খট্টামাধবপাড়া ইউনিয়ন পরিষদ, হাকিমপুর, দিনাজপুর সভায় জানান যে, তাঁর দাপ্তরিক অন্যান্য সকল কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। | **সিদ্ধান্ত:** চলমান কার্যক্রম সরকারি বিধি মোতাবেক পরিচালনা করার জন্য প্যানেল চেয়ারম্যান ১নং খট্টামাধবপাড়া ইউনিয়ন পরিষদ, হাকিমপুরকে অনুরোধ করা হলো। | প্যানেল চেয়ারম্যান ১নং খট্টামাধবপাড়া ইউনিয়ন পরিষদ |
| ৩৫. | ২নং বোয়ালদাড় ইউনিয়ন পরিষদ | প্যানেল চেয়ারম্যান ২নং বোয়ালদাড় ইউনিয়ন পরিষদ, হাকিমপুর, দিনাজপুর সভায় জানান যে, তাঁর দাপ্তরিক অন্যান্য সকল কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। | **সিদ্ধান্ত:** চলমান কার্যক্রম সরকারি বিধি মোতাবেক পরিচালনা করার জন্য প্যানেল চেয়ারম্যান ২নং বোয়ালদাড় ইউনিয়ন পরিষদ হাকিমপুরকে অনুরোধ করা হলো। | প্যানেল চেয়ারম্যান ২নং বোয়ালদাড় ইউনিয়ন পরিষদ |
| ৩৬. | ৩নং আলীহাট ইউনিয়ন পরিষদ | প্যানেল চেয়ারম্যান ৩নং আলীহাট ইউনিয়ন পরিষদ, হাকিমপুর, দিনাজপুর সভায় জানান যে, ৩নং আলীহাট ইউনিয়ন পরিষদ চত্বরে বিভিন্ন সময়ে আটককৃত সরকারী গাছ আছে। সেই গাছগুলো বিধি মোতাবেক নিলামসহ নিষ্পতি করা প্রয়োজন। ইতোমধ্যে ইউনিয়ন পরিষদের সভায় বিষয়টা সুপারিশ করা হয়েছে। তাই উক্ত গাছগুলো বিধি মোতাবেক মূল্য নির্ধারণ পূর্বক ক্রয়ের জন্য সভায় অবহিত করেন। তাঁর দাপ্তরিক অন্যান্য সকল কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। | **সিদ্ধান্ত:** চলমান কার্যক্রম সরকারি বিধি মোতাবেক পরিচালনা করার জন্য প্যানেল চেয়ারম্যান ৩নং আলীহাট ইউনিয়ন পরিষদ, হাকিমপুরকে অনুরোধ করা হলো, এবং ৩নং আলীহাট ইউনিয়ন পরিষদ চত্বরে বিভিন্ন সময়ে আটককৃত সরকারী গাছগুলো বিধি মোতাবেক মূল্য নির্ধারণ পূর্বক বিক্রয়ের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। মূল্য নির্ধারণের জন্য বনবিভাগ বরাবর পত্র প্রেরণের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। | প্যানেল চেয়ারম্যান ১নং খট্টামাধবপাড়া ইউনিয়ন পরিষদ |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২১/১১/

(অমিত রায়)
উপজেলা নির্বাহী অফিসার
ও
প্রশাসক
সভাপতি
উপজেলা পরিষদের মাসিক সভা
হাকিমপুর, দিনাজপুর

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিষদ
হাকিমপুর, দিনাজপুর
www.hakimpur.dinajpur.gov.bd

স্মারক নং- ৪৬.৫৫.২৭৪৭.০০০.০৫.০০১.১৯-৯২৫(৫০)

তারিখঃ ২১ নভেম্বর ২০২৪

অনুলিপিঃ সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো-

১. সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. বিভাগীয় কমিশনার, রংপুর
৩. পরিচালক, স্থানীয় সরকার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, রংপুর
৪. জেলা প্রশাসক, দিনাজপুর
৫. উপ-পরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, দিনাজপুর

অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলোঃ

১. উপজেলা ..................................................কর্মকর্তা, হাকিমপুর, দিনাজপুর
২. চেয়ারম্যান...........................................(সকল) ইউ,পি, হাকিমপুর, দিনাজপুর

২১/১১/২৪

উপজেলা নির্বাহী অফিসার
হাকিমপুর, দিনাজপুর
ফোন-০৫৩২৯-৭৫০০৩
e-mail-unohakimpur@mopa.gov.bd

**পরিশিষ্ট-"ক"**

সভায় উপস্থিত সদস্যগণের নামের তালিকা (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

| ক্র: নং | নাম/পদবী | ক্র:নং | নাম/পদবী |
|---|---|---|---|
| ১. | উপজেলা নির্বাহী অফিসার, হাকিমপুর, দিনাজপুর | ১৮. | সহকারী প্রকৌশলী বিএমডিএ, হাকিমপুর |
| ২. | সহকারী কমিশনার (ভূমি), হাকিমপুর | ১৯. | তথ্য আপা কর্মকর্তা, হাকিমপুর |
| ৩. | প্রশাসক, হাকিমপুর পৌরসভা, হাকিমপুর, দিনাজপুর | ২০. | সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য, হাকিমপুর, দিনাজপুর |
| ৪. | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার, হাকিমপুর | ২১. | উপজেলা দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন, হাকিমপুর |
| ৫. | উপজেলা কৃষি অফিসার, হাকিমপুর, দিনাজপুর | ২২. | শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক |
| ৬. | উপজেলা প্রাণিসম্পদ অফিসার, হাকিমপুর, দিনাজপুর | ২৩. | উপজেলা সমবায় কর্মকর্তা, হাকিমপুর |
| ৭. | উপজেলা সমাজসেবা অফিসার, হাকিমপুর | ২৪. | উপজেলা পরিসংখ্যান, অফিসার, হাকিমপুর |
| ৮. | উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার, হাকিমপুর, দিনাজপুর | ২৫. | উপজেলা বন কর্মকর্তা, হাকিমপুর, দিনাজপুর |
| ৯. | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, হাকিমপুর | ২৬. | উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তা |
| ১০. | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, হাকিমপুর | ২৭. | চেয়ারম্যান ১নং খট্টামাধবপাড়া ইউনিয়ন পরিষদ |
| ১১. | অফিসার ইন-চার্জ, হাকিমপুর থানা, হাকিমপুর | ২৮. | চেয়ারম্যান ২নং বোয়ালদাড় ইউনিয়ন পরিষদ |
| ১২. | উপজেলা আইসিটি অফিসার, হাকিমপুর, দিনাজপুর | ২৯. | চেয়ারম্যান ৩নং আলীহাট ইউনিয়ন পরিষদ |
| ১৩. | ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার | ৩০. | |
| ১৪. | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, হাকিমপুর | ৩১. | |
| ১৫. | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, হাকিমপুর, দিনাজপুর | ৩২. | |
| ১৬. | সহকারী জেনারেল ম্যানেজার পল্লী বিদ্যুৎ সমিতি-২ ইনচার্জ হিলি (হাকিমপুর) এরিয়া, হাকিমপুর | ৩৩. | |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(অমিত রায়)
উপজেলা নির্বাহী অফিসার
ও
প্রশাসক
সভাপতি
উপজেলা পরিষদের মাসিক সভা
হাকিমপুর, দিনাজপুর

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিষদ
হাকিমপুর, দিনাজপুর
www.hakimpur.dinajpur.gov.bd

স্মারক নং- ৪৬.৫৫.২৭৪৭.০০০.০৫.০০১.১৯-৯২৫(৫০) তারিখঃ ২১ নভেম্বর ২০২৪

অনুলিপিঃ সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো-

১. সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. বিভাগীয় কমিশনার, রংপুর
৩. পরিচালক, স্থানীয় সরকার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, রংপুর
৪. জেলা প্রশাসক, দিনাজপুর
৫. উপ-পরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, দিনাজপুর

অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলোঃ

১. উপজেলা ....................................................কর্মকর্তা, হাকিমপুর, দিনাজপুর
২. চেয়ারম্যান.............................................(সকল) ইউ,পি, হাকিমপুর, দিনাজপুর

উপজেলা নির্বাহী অফিসার
হাকিমপুর, দিনাজপুর
ফোন-০৫৩২৯-৭৫০০৩
e-mail-unohakimpur@mopa.gov.bd

**পরিশিষ্ট-"ক"**

সভায় উপস্থিত সদস্যগণের নামের তালিকা (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

| ক্র: নং | নাম/পদবী | ক্র:নং | নাম/পদবী |
|---|---|---|---|
| ১. | উপজেলা নির্বাহী অফিসার, হাকিমপুর, দিনাজপুর | ১৮. | সহকারী প্রকৌশলী বিএমডিএ, হাকিমপুর |
| ২. | সহকারী কমিশনার (ভূমি), হাকিমপুর | ১৯. | তথ্য আপা কর্মকর্তা, হাকিমপুর |
| ৩. | প্রশাসক, হাকিমপুর পৌরসভা, হাকিমপুর, দিনাজপুর | ২০. | সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য, হাকিমপুর, দিনাজপুর |
| ৪. | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার, হাকিমপুর | ২১. | উপজেলা দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন, হাকিমপুর |
| ৫. | উপজেলা কৃষি অফিসার, হাকিমপুর, দিনাজপুর | ২২. | শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক |
| ৬. | উপজেলা প্রাণিসম্পদ অফিসার, হাকিমপুর, দিনাজপুর | ২৩. | উপজেলা সমবায় কর্মকর্তা, হাকিমপুর |
| ৭. | উপজেলা সমাজসেবা অফিসার, হাকিমপুর | ২৪. | উপজেলা পরিসংখ্যান, অফিসার, হাকিমপুর |
| ৮. | উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার, হাকিমপুর, দিনাজপুর | ২৫. | উপজেলা বন কর্মকর্তা, হাকিমপুর, দিনাজপুর |
| ৯. | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, হাকিমপুর | ২৬. | উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তা |
| ১০. | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, হাকিমপুর | ২৭. | চেয়ারম্যান ১নং খট্টামাধবপাড়া ইউনিয়ন পরিষদ |
| ১১. | অফিসার ইন-চার্জ, হাকিমপুর থানা, হাকিমপুর | ২৮. | চেয়ারম্যান ২নং বোয়ালদাড় ইউনিয়ন পরিষদ |
| ১২. | উপজেলা আইসিটি অফিসার, হাকিমপুর, দিনাজপুর | ২৯. | চেয়ারম্যান ৩নং আলীহাট ইউনিয়ন পরিষদ |
| ১৩. | ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার | ৩০. | |
| ১৪. | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, হাকিমপুর | ৩১. | |
| ১৫. | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, হাকিমপুর, দিনাজপুর | ৩২. | |
| ১৬. | সহকারী জেনারেল ম্যানেজার পল্লী বিদ্যুৎ সমিতি-২ ইনচার্জ হিলি (হাকিমপুর) এরিয়া, হাকিমপুর | ৩৩. | |

**পরিশিষ্ট-"খ"**

**সভায় অনুপস্থিত সদস্যগণের নামের তালিকা (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**

| ক্র: নং | নাম/পদবী | ক্র:নং | নাম/পদবী |
|---|---|---|---|
| ১. | উপজেলা মৎস্য অফিসার, হাকিমপুর, দিনাজপুর | ৪. | সহকারী সেটেলমেন্ট অফিসার, হাকিমপুর |
| ২. | উপজেলা প্রকৌশলী, হাকিমপুর | ৫. | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, হাকিমপুর |
| ৩. | উপজেলা খাদ্যনিয়ন্ত্রক, হাকিমপুর, দিনাজপুর | ৬. | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা |